
# WALTON

# ব্যবহারবিধি ও ওয়ারেন্টি কার্ড

## ওয়াশিং মেশিন




**মডেল: WWM-TQM150J**

ধারণক্ষমতা: ১৫ কেজি

# মুখবন্ধ

ওয়ালটন ওয়াশিং মেশিন কেনার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ।

সহজ ও সাবলীল ভাষায় লেখা ব্যবহারবিধি আপনার ওয়াশিং মেশিনটি ভালোভাবে ব্যবহারের কাজে সর্বোত্তমভাবে সাহায্য করবে। ব্যবহারবিধিটির মধ্যে অনেক গুরুত্বপূর্ণ তথ্য এবং ওয়াশারটি কিভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে তা সরল ভাষায় লেখা আছে। এছাড়াও সাধারণ সমস্যাগুলো কিভাবে নিজে নিজে সমাধান করা যাবে সেসব তথ্যাবলি দেওয়া আছে। মডেল এবং সিরিয়াল নম্বরটি সংরক্ষণ করুন। নম্বরগুলো ইউনিটের পিছনের অংশে দেওয়া আছে।

ওয়াশিং মেশিনটি ব্যবহারের পূর্বে নির্দেশনাগুলো সতর্কতার সাথে পড়ুন এবং ভবিষ্যতে কাজের সুবিধার্থে ব্যবহারবিধিটি যত্নসহকারে সংরক্ষণ করুন।

# সূচিপত্র


১. প্রধান বৈশিষ্ট্যসমূহ ---------- ১

২. যন্ত্রাংশের বর্ণনা ---------- ১

৩. সাবধানতা ---------- ২-৩

৪. ইনস্টলেশন এবং অ্যাডজাস্টমেন্ট ---------- ৪

৫. ড্রেন হোস ব্যবহার ---------- ৫

৬. ওয়াটার ইনলেট ইনস্টলেশন ---------- ৬-৭

৭. কন্ট্রোল প্যানেল এবং ফিচার ---------- ৮

৮. পরিচালনা পদ্ধতি ---------- ৯-১০

৯. ডিটারজেন্ট এবং পানির পরিমাণ ---------- ১১

১০. রক্ষণাবেক্ষণ ---------- ১১

১১. সমস্যা চিহ্নিতকরণ ---------- ১২

১২. বৈশিষ্ট্য বর্ণনা ---------- ১৩


১৩. স্পেসিফিকেশন ---------- ১৪

১৪. সেফটি অ্যালার্ম ---------- ১৪




## প্রধান বৈশিষ্ট্য

১. ফাজি লজিক
২. চাইল্ড লক
৩. মেমোরি ব্যাকআপ
৪. ডায়মন্ড টাব
৫. লেফট টাইম ডিসপ্লে
৬. কুইক ওয়াশ
৭. ৩৬০° ওয়াটারফল
৮. সেলফ-ডায়াগনোজ
৯. সেলফ-অটো অফ
১০. সোক ওয়াশ

## যন্ত্রাংশের বর্ণনা





### আনুষঙ্গিক উপকরণ:


| ইনলেট পাইপ | র‍্যাট মেশ | ব্যবহারবিধি | স্প্রিং ক্লাম্প ড্রেন পাইপ |
|---|---|---|---|
|  |  |   |  |
| ২টি | ১টি | ১টি | ১টি |

| | |
|---|---|
| সাবধান! | এই চিহ্নটির মানে 'বিপজ্জনক'। এটি ওয়াশিং মেশিন ও ব্যবহারকারীর নিরাপত্তার জন্য। দয়া করে ওয়াশিং মেশিনটি নির্দেশনা অনুযায়ী পরিচালনা করুন, তা না হলে এটি ক্ষতির সম্মুখীন হতে পারে। |
| নিষিদ্ধ | এই চিহ্নটির অর্থ নিষিদ্ধ অথবা ওয়াশিং মেশিনটির ক্ষতি করবে। |


সংযোগ দেওয়ার আগে নিশ্চিত হয়ে নিন আপনার বিদ্যুৎ লাইনে সঠিক আর্থ-কানেকশন আছে কি না। সকেটটি হতে হবে উন্নতমানের এবং ২২০ ভোল্টেজ এসি, ৫০ হার্জের ৩ পিনের বিএস প্লাগ। ফিউজ ও সার্কিট ব্রেকারসহ (pf5A/16A) আলাদা লাইনে বিদ্যুৎ সংযোগ নিন।





প্লাগ খোলা ও পানির কল বন্ধ করার আগে বিদ্যুৎ সংযোগ বন্ধ করে নিন।



খেয়াল রাখুন, বৈদ্যুতিক তার যেন বেশি মুচড়ে না যায় বা সুতার মতো জড়িয়ে না যায়। তার ও সকেট কোনোভাবে ক্ষতিগ্রস্ত হলে অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।




ওয়াশিং মেশিনটি স্যাঁতসেঁতে জায়গা বা বাথরুমে রাখবেন না। মেশিনটি কখনো পানিতে ওয়াশ করবেন না। এর কন্ট্রোল প্যানেলের উপর ভেজা কাপড় রাখবেন না।



৬৫ ডিগ্রি সেলসিয়াসের বেশি গরম পানি ব্যবহার করবেন না।




কার্পেটে রাখার সময় খেয়াল রাখুন এর ছিদ্রগুলো যেন বন্ধ হয়ে না যায়।




ঝাঁকুনি প্রতিরোধের জন্য রেইনকোট, সাইকেল কভার ইত্যাদি ওয়াশ করবেন না।






সঠিক আর্থিং করা ছাড়া জাংশন বক্স ব্যবহার করবেন না। জোড়া দিয়ে বাড়তি তার ব্যবহার করবেন না।



# সাবধানতা

ওয়াশিং অথবা স্পিনিং প্রসেস চলার সময় কখনো ওয়াশ লিড খুলবেন না। ওয়াটার টাবে হাত রাখবেন না।

নিজে নিজে ওয়াশার মেরামত করবেন না।

| | |
|---|---|
|  ওয়াশারের উপর কোনো গরম বা ভারী জিনিস রাখবেন না। |  পেট্রল, অ্যালকালাইন বা অন্য কোনো অর্গানিক সলভেন্টে ভেজা কাপড় দিয়ে ওয়াশ করবেন না। |
|  মেশিনের আশেপাশে শিশুদের খেলতে নিষেধ করুন। |  সরাসরি সূর্যের আলো, বৃষ্টির পানি ও তাপ থেকে মেশিনটি দূরে রাখুন। |
|  মেশিনের আশেপাশে শিশুদের খেলতে নিষেধ করুন |  সরাসরি সূর্যের আলো, বৃষ্টির পানি ও তাপ থেকে মেশিনটি দূরে রাখুন। |

১. প্রতি ৫ বার ওয়াশের পর ম্যাজিক ফিল্টারটি পরিষ্কার করুন।
২. ফিল্টারটি বের করার আগে সকেট থেকে প্লাগ খুলে নিন।
৩. টাব থেকে পানি সরিয়ে ফেলুন।
৪. ছবির নির্দেশনা অনুযায়ী ফিল্টারটি খুলে পরিষ্কার করুন।
৫. পরিষ্কার হয়ে গেলে আবার ফিল্টারটি সংযোজন করুন।



ওয়াশিং মেশিনে পোশাক ঢোকানোর আগে পোশাকের পকেট খালি আছে কি না তা নিশ্চিত হয়ে নিন।

যেমন: কোনো কয়েন, কলম, টুথপিক, দেয়াশলাইয়ের কাঠি ইত্যাদি থাকলে তা বের করে নিন। এগুলো আপনার মেশিন ও কাপড়ের ক্ষতি করবে।




পানির কল ও ইনলেট খোলা আছে কি না নিশ্চিত হয়ে নিন


- সঠিক ও নিয়মিতভাবে পানি সরবরাহ করুন।
- ডিটারজেন্টের সঙ্গে কিছু সাবান ব্যবহার করা ভালো।
- নির্দেশিত মানসম্পন্ন ডিটারজেন্ট ব্যবহার করুন।

## ইনস্টলেশন এবং অ্যাডজাস্টমেন্ট


১. ওয়াশিং মেশিনটি ঢালু ও অসমান জায়গায় সেট করবেন না।

২. সমান্তরাল ও সলিড মেঝেতে সেট করুন। চালু থাকাকালীন যেন মেশিন না কাঁপে সেদিকে খেয়াল রাখুন।






মেশিনটি দেয়াল থেকে সব দিকে কমপক্ষে ১০ সেন্টিমিটার দূরে রাখুন।



মেশিন চালানোর আগে ড্রেন হোসটি মেঝেতে পেতে রাখুন।



ওয়াশিং মেশিনে সরাসরি সকেট থেকে সংযোগ নিতে হবে। কাজ শেষে সব সময় মেশিনের সুইচ বন্ধ রাখুন।

- পাওয়ার কর্ড নষ্ট হয়ে গেলে অবশ্যই অনুমোদিত সেবাকর্মীকে দিয়ে পরিবর্তন করাবেন।
- কুশন ভারসাম্য অ্যাসেম্বলি কভারটি সরিয়ে ফেলুন।
- ট্রানজিট ব্র্যাকেট খুলে ফেলুন।

**প্যাকেজ খোলা:**

- প্যাকেজটি খুলে ফেলুন এবং উপরের ফোমসহ র‍্যাট মেশটি বের করে আনুন ।
- ওয়াশ লিডটি খুলুন এবং যন্ত্রাংশগুলো বের করুন।
- কনভেক্স প্লাস্টিক কিউবসহ প্যাকেজের ভেতর রাখা সব জিনিস বের করে আনুন।


**ওয়াশিং মেশিন সমন্বয়করণ:**

- মেশিনের সামনের পায়া নিয়ন্ত্রণযোগ্য (Adjustable)। সামনের দিকটি সামান্য উপরে তুলুন এবং ঘুরিয়ে ঘুরিয়ে পায়াগুলো ঠিক করে মেশিনটি সঠিক ও সমতলভাবে বসান।
- এরপর পায়ার নাটগুলো লক করে দিন (যদি পায়ার নাট থাকে)।
- চিত্রে প্রদর্শিত নিয়মে মেশিনটি আনুভূমিক (Horizontal) আছে কি না নিশ্চিত করুন।

# ড্রেন হোস ব্যবহার

**ড্রেইন পাইপের ব্যবহার:**


- মেশিনের পাশে পাইপের মুখে ড্রেইন পাইপটি সংযুক্ত করুন।






- পাইপটি ঠেলে চিহ্নিত করা অংশ পর্যন্ত নিন। (চিত্রে প্রদর্শিত) তারপর একটি ক্লাম্পের সাহায্যে এটি ফিক্স করুন।



- নিশ্চিত করুন যে পাইপটি শক্তভাবে সংযুক্ত যাতে লিকেজ না হয়।
- নিশ্চিত করুন যেন মেশিন চালু অবস্থায় পাইপটি ফ্লোরে সমতল থাকে।
- উচ্চতা ৬ সে.মি. এর কম হতে হবে। (ছবিতে প্রদর্শিত)




**ড্রেন হোসের নির্দেশনা পরিবর্তন:**

| | | |
|---|---|---|
| ড্রেন হোস জয়েন্টের স্থায়ী স্ক্রু আলগা করুন। | ড্রেন হোসটি খোলার দিক থেকে অন্য দিকে বের করে দিন। | ড্রেন হোসের স্ক্রু লাগান। |
|  |  |  |

**পানির তাপমাত্রা:**

ঠান্ডা: ঠান্ডা পানির প্রস্তাবিত তাপমাত্রা ১০°- ২৩.৮° সে.

গরম: গরম পানির প্রস্তাবিত তাপমাত্রা ৫০°- ৬০° সে.

উষ্ণ: গরম ও ঠান্ডা পানির মিশ্রন। উষ্ণ পানির তাপমাত্রা গরম এবং ঠান্ডা পানির তাপমাত্রা ও সাপ্লাই লাইনে পানির চাপ, উভয়ের উপর নির্ভর করে।

**গুরুত্বপূর্ণ:**

অনেকক্ষণ ধরে অব্যবহৃতভাবে পরে থাকলে পানির সাপ্লাই লাইনটি বন্ধ করে দিতে হবে।


**পানির চাপ:**

পানির চাপ ০.০৫ মেগাপ্যাসকেলের কম, অথবা ০.৫ মেগাপ্যাসকেলের বেশি থাকলে ওয়াশিং মেশিন চালানো থেকে বিরত থাকুন।

# ওয়াটার ইনলেট ইনস্টলেশন


## সঠিক ওয়াটার ইনলেট:

শুধু পানির কলের সার্কুলার ক্রস সেকশনের ওপর অ্যাডাপ্টার ব্যবহার করুন।






উপবৃত্তাকার বা ষড়ভুজ আকৃতির কলের মুখ ব্যবহার করা যাবে না।




পানির কলের মুখ মসৃণ হওয়া বাঞ্ছনীয়।
এর ফ্রন্ট লেনথ ১০ মিলিমিটারের বেশি হতে পারবে না

## পানির কলের সঙ্গে অ্যাডাপ্টারের সংযোগ:


**ফোসেট (নল) সম্পর্কে**

**ফোসেট সংযোগ:**


চিত্রে প্রদর্শিত উপায়ে রাবার রিং সিলটি স্থাপন করুন।




ইনলেট হোসটির অপর প্রান্তে রাবার গ্যাসকেটের উপর নাটটি রাখুন। চিত্রে নির্দেশিত উপায়ে ইনলেট হোসটি সেট করুন এবং এগুলোকে একসঙ্গে লাগিয়ে দিন।




**নোট:**
- ইনলেট হোস মোচড়াবেন না।
- যদি লিক হয়ে পানি বের হয়, তাহলে রাবার রিং সিল করা নাটটি পরীক্ষা করুন।



## ওয়াশিং মেশিনে ইনলেট ওয়াটার পাইপ সংযোগঃ

১. ওয়াটার প্রুফ রিংটি বিচ্ছিন্ন করবেন না। ওয়াশের আগে রিংটি ড্যামেজ হয়েছে কি না, পরীক্ষা করে নিন।

২. ওয়াটার ভাল্ব পাইপ নাট দিয়ে আটকে দিন।


৩. নাটটি সঠিকভাবে লাগান।




## অ্যাডাপ্টারের সঙ্গে ইনলেট ওয়াটার পাইপ সংযোগঃ

১. স্লাইডারটিকে নিচের দিকে চাপুন এবং অ্যাডাপ্টারের মধ্যে পাইপটি ঢুকান।

২. লকিং লিভারকে কানেক্টরের সাথে আঁটকান এবং স্লাইডারটি ছেড়ে দিন যতক্ষণ না শব্দ শোনা যায়।





## ওয়াটার ইনলেট পাইপ এবং পানির কল পরীক্ষাঃ

১. পাইপটি শক্তভাবে লেগেছে কি না সহজভাবে টেনে পরীক্ষা করুন।

২. কলটি খুলে কোনো লিক আছে কি না পরীক্ষা করুন।


৩. প্রতিবার ওয়াশের পূর্বে নিশ্চিত করুন পাইপটি কলের এবং ওয়াশিং মেশিনে সঠিকভাবে সংযুক্ত আছে।




## ইনলেট ওয়াটার পাইপ বিচ্ছিন্নকরণঃ

১. পানির কল বন্ধ করুন।

২. লকিং লিভারটি ধরুন এবং স্লাইডারকে নিচের দিকে চেপে পাইপটি নিচে নামান।






**১. POWER বাটন**

এই বাটন চেপে মেশিনটি অন/অফ করুন। ব্যবহারকারি ১০ মিনিটের মধ্যে START/PAUSE বাটন না চাপলে মেশিনটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

**২. START/PAUSE বাটন**

START/PAUSE বাটন চেপে মেশিনটি থামান বা চালু করুন। মেশিন থেমে থাকা অবস্থায় এই বাটন চাপলে মেশিনটি পুনরায় চালু হবে।

**৩. PROGRAM বাটন**

এই বাটন চেপে প্রোগ্রাম নির্বাচন করুন।

**৪. WATER LEVEL/DELAY বাটন**

পানির লেভেল নির্বাচন করতে অথবা পরিবর্তন করতে এই বাটন ব্যবহার করুন। এই বাটন ৩ সেকেন্ড চেপে পূর্ব নির্ধারিত সময়ে প্রক্রিয়া শেষ করতে পারবেন।

**৫. WATER SUPPLY বাটন**

এই বাটন চেপে পানির তাপমাত্রা (গরম/উষ্ণ/ঠান্ডা) নির্বাচন করুন।

**৬. WASH/RINSE/SPIN বাটন**


এই ফাংশনগুলো নির্বাচন করতে WASH/RINSE/SPIN বাটনগুলো প্রেস করুন। আবার, ব্যবহারকারী এদের দুইটি প্রেস করেও যেমন প্রোগ্রাম চান তা সেট করতে পারবেন।

**৭. CHILD LOCK বাটন**

চাইল্ড লক ফাংশন অ্যাক্টিভেট করতে WATER LEVEL এবং WATER SUPPLY বাটন দুটি একসাথে প্রেস করুন।


**প্রথম ধাপ: ওয়াশিং মেশিন চালুকরণ**


"POWER" বাটন চেপে মেশিন চালু করুন।




**দ্বিতীয় ধাপ: প্রোগ্রাম নির্বাচন**

"PROGRAM" বাটন চাপুন।





**নোট:** ব্যবহারকারী যদি নির্বাচিত প্রোগ্রাম পরিবর্তন করতে চান, তাহলে "POWER" অথবা "START/PAUSE" বাটন চেপে আগে ওয়াশিং মেশিনের কার্যক্রম স্থগিত করে নিতে হবে। এরপর পুনরায় "PROGRAM" বাটন চাপতে হবে।

**তৃতীয় ধাপ: পানির স্তর নির্বাচন**

পরিমাণ অনুযায়ী যথাযথ পানির স্তর নির্বাচন করতে WATER LEVEL বাটন চাপুন।




ওয়াটার লেভেল

WATER LEVEL — 1 — 2 — 3 — 4 — 5 — 6 — 7 — 8

**নোট:** মেশিন চলাকালীন সময়ে পানির স্তরের উচ্চতা পরিবর্তন করা যাবে। যদি নতুন নির্বাচিত উচ্চতা আগের থেকে বেশি হয়, তাহলে মেশিনটি কিছুক্ষনের জন্য কার্যক্রম বন্ধ করে পর্যাপ্ত পরিমাণ পানি দ্বারা পূর্ণ হবে। পানির উচ্চতা নির্বাচিত উচ্চতার সমান হয়ে গেলে মেশিনটি আবার কাজ করা শুরু করবে।

**চতুর্থ ধাপঃ** তাপমাত্রা নির্বাচন করতে WATER SUPPLY বাটন প্রেস করুন।





নোটঃ শুধুমাত্র গরম পানিঃ গরম পানি ব্যবহার করলে কাপড় পরিষ্কারে অধিকতর ভালো ফলাফল পাওয়া যায়। নরম কাপড় বা উলের পোশাকের জন্য গরম পানি উপযুক্ত নয়। গরম পানি সাদা, পাকা রঙের কাপড়, অতিরিক্ত ময়লা কাপড় এবং ডায়াপার ওয়াশ করার জন্য উপযুক্ত।

শুধুমাত্র উষ্ণ পানিঃ উষ্ণ পানিতে ওয়াশ করলে রং ওঠার সম্ভাবনা কম। অল্প ময়লা, গাঢ় রঙের কাপড়, সিল্ক, উল, নাইলন এবং অ্যাক্রিলিক কাপড় উষ্ণ পানিতে ধোয়া ভালো।

শুধুমাত্রা ঠান্ডা পানিঃ ঠান্ডা পানি কাপড় পরিষ্কার করার ক্ষেত্রে গরম এবং উষ্ণ পানি থেকে কম কার্যকর। তবে এটি কাপড় সংকুচিত হওয়া ও রং ওঠার পরিমাণ হ্রাস করে। অতিরিক্ত সংবেদনশীল কাপড় ধোয়া ও রিনজ ফাংশনের ক্ষেত্রে ঠান্ডা পানি ব্যবহার করুন।

**নোটঃ** যদি আপনার পানির সরবরাহ লাইনে শুধু ঠান্ডা পানির সরবরাহ থাকে এবং গরম পানির ইনলেট ভালভটি বন্ধ থাকে তাহলে অবশ্যই কোল্ড (Cold) সিলেক্ট করুন।

**পঞ্চম ধাপঃ** ওয়াশিং মেশিনটি স্টার্ট করুন।
লিডটি বন্ধ করুন এবং চালু করতে START/PAUSE বাটন প্রেস করুন।





নোটঃ

১. খেয়াল রাখবেন যেন ব্যালেন্স রিংয়ের নিচে কাপড় থাকে।

২. DIY Programঃ আপনার পছন্দ অনুযায়ী কাস্টমাইজড প্রোগ্রাম তৈরি করুন। আপনি নিজেই আপনার প্রয়োজন অনুযায়ী ওয়াশিং প্রোগ্রাম তৈরি করতে পারেন। নিচের ধাপগুলো অনুসরণ করুনঃ

WASHঃ শুধুমাত্র WASH-এর সময় নির্বাচন করতে "WASH" বাটনে চাপুন।
RINSEঃ শুধুমাত্র RINSE-এর সংখ্যা নির্বাচন করতে "RINSE" বাটনে চাপুন।
SPINঃ শুধুমাত্র SPIN-এর সময় নির্বাচন করতে "SPIN " বাটনে চাপুন।
আপনি উপরের যেকোনো একটি, দুটি বা তিনটি একসাথে বা আলাদাভাবে চাপ দিয়ে আপনার পছন্দ অনুযায়ী প্রোগ্রাম তৈরি করতে পারেন। আপনার নির্ধারিত সেটিংস অনুযায়ী প্রোগ্রাম শুরু করতে "START/PAUSE" বাটনে চাপুন।




৩. CHILD LOCK অবস্থায় একবারই অ্যালার্ম বাজবে এবং এরপর ঢাকনা খুলে কাপড় বের করে আনা যাবে।

## ডিটারজেন্ট এবং পানির পরিমাণ

| কাপড়ের ওজন | পানির পরিমাণ | লিকুইড ডিটারজেন্ট | পাউডার ডিটারজেন্ট |
|---|---|---|---|
| >৬ কেজি | হাই | ১১০ মিলি | ১১০ গ্রাম |
| ৪-৬ কেজি | মিডিয়াম | ৯০ মিলি | ৯০ গ্রাম |
| ২-৪ কেজি | লো | ৭০ মিলি | ৭০ গ্রাম |
| ০-২ কেজি | মিনিমাম | ৫০ মিলি | ৫০ গ্রাম |

**নোট:** লিকুইড এবং পাউডার ডিটারজেন্টের পরিমাণ উল্লেখ করা হলো। যদি আপনি অন্য কোনো ডিটারজেন্ট ব্যবহার করেন, তাহলে অবশ্যই উল্লিখিত পানি ও ডিটারজেন্টে সমন্বয় খেয়াল করুন।

## রক্ষণাবেক্ষণ

**প্রোগ্রাম সমাপ্তি:**
আপনি যে প্রোগ্রাম সেট করেছেন তা শেষ হয়ে গেলে মেশিনটি স্বয়ংক্রিয়ভাবে একটি শব্দ করবে।

**শেল রক্ষণাবেক্ষণ:**
প্রতিবার ব্যবহারের পরে মেশিনটি নরম শুকনো কাপড় দিয়ে মুছে ফেলুন। এটি পরিষ্কারের জন্য সোডা বা ব্লিচের মতো কোনো পরিষ্কারক ব্যবহার করা থেকে বিরত থাকুন।

**ম্যাজিক ফিল্টার পরিষ্কারকরণ:**
ওয়াশের পূর্বে অবশ্যই ম্যাজিক ফিল্টার সেট করে নিন। প্রতি ৫ বার ব্যবহারের পরে চিত্রে প্রদর্শিত উপায়ে ম্যাজিক ফিল্টারটি পরিষ্কার করে নিন।


**ইনলেট মাউস পরিষ্কারকরণ:**
যদি ইনলেট ফিল্টার ব্লক হয়ে যায়, অনুগ্রহপূর্বক তা পরিষ্কার করে নিন।

### প্রতি ৫ বার ওয়াশের পর লিন্ট ফিল্টার পরিষ্কার:


১. চিত্রে তির চিহ্নিত নির্দেশনা অনুযায়ী লিন্ট ফিল্টারটি টানুন।

২. লিন্ট ফিল্টারটি খুলে পরিষ্কার করে আবার বন্ধ করে দিন।


৩. পুনরায় ফিল্টারটি চিত্রে তির চিহ্নিত নির্দেশনা অনুযায়ী ইনস্টল করুন।




### ওয়াটার ইনলেট ফিল্টার পরিষ্কারকরণ:





- নির্দিষ্ট সময় পর ওয়াটার ইনলেট ফিল্টার পরিষ্কার করুন।
- ওয়াল সকেট থেকে পাওয়ার প্লাগ খুলে ফেলুন।
- ওয়াটার ট্যাপ বন্ধ করুন।
- ইনলেট হোসটি আলাদা করুন এবং জালি ফিল্টার খুলে ফেলুন।
- পুরোনো টুথব্রাশ দিয়ে ফিল্টারটি পরিষ্কার করে আবার সেট করুন।




## বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণের জন্য লক্ষণীয় বিষয়সমূহঃ




**ওয়াশিং মেশিনটি চলছে না**
- ওয়াটার ট্যাপ কি চালু আছে?
- পাওয়ার কর্ডটি সঠিকভাবে লাগানো আছে কি?
- পাওয়ার সাপ্লাই অন আছে কি?
- ফিউজটি ঠিক আছে কি?
- পানির পরিমাণ ঠিক আছে কি?




**মেশিনে কোনো পানি প্রবেশ করছে না**
- ওয়াটার ট্যাপ খোলা আছে কি?
- ওয়াটার সাপ্লাই বাধাগ্রস্ত হয়েছে কি?
- ওয়াটার ইনলেট হোসে কোনো কিছু জমে আছে কি?
- ওয়াটার ট্যাপ কি বরফ হয়ে আছে?
- যদি ২৫ মিনিটের মধ্যে স্বাভাবিক ওয়াটার সাপ্লাই চালু না হয়, তাহলে একটি অ্যালার্ম বাজবে।




**মেশিন থেকে পানি নিষ্কাশন হচ্ছে না**
- ড্রেন পাইপ স্বাভাবিক অবস্থায় আছে কি?
- ড্রেইন পাইপের পানি জমে গিয়েছে কি?
- ড্রেইন পাইপে ময়লা আটকে আছে কি?
- ৭ মিনিটের মধ্যে পানি নিষ্কাশন না হলে অ্যালার্মটি বেজে উঠবে।



**স্পিন সাইকেল সঠিকভাবে কাজ করছে না**
- ওয়াশিং ব্যারেলে কাপড়গুলো গোছানোভাবে আছে কি?
- ওয়াশিং মেশিনটি স্থির এবং দাঁড়ানো আছে কি?
- ওয়াশিং মেশিনের টপ কভার কি বন্ধ আছে?



**পাওয়ার সাপ্লাই বন্ধ করা যাচ্ছে না**
- যদি ডিসপ্লেতে এরর (Error) ফ্ল্যাগ দেখায় তাহলে অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।



**মেশিনের পানিতে ওভার ফ্লো হচ্ছে**
- মেশিন থেকে পানি বের করার ব্যবস্থা করুন।
- যদি ডিসপ্লেতে এরর (Error) ফ্ল্যাগ দেখায় তাহলে অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।

# বৈশিষ্ট্য বিন্যাস

| ডিজিটাল ইন্ডিকেটর | সমস্যা | সমাধানের কৌশল |
|---|---|---|
| E0 | ওয়াশ টাবে পানি ঢুকছে না | দেখুন পানির কল চালু আছে কি না অথবা পানির সংযোগ ঠিক আছে কি না। যদি সমস্যা সমাধান না হয় আমাদের সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন। |
| E1 | পানি ড্রেন হচ্ছে না | দেখুন ড্রেন পাইপ অনেক উঁচুতে আছে কি না অথবা ড্রেন পাইপে কিছু আটকে আছে কি না। |
| E2 | ভারসাম্যহীন লোড | ঢাকনা খুলে পুনরায় সমন্বয় করে কাপড় লোড করুন। |
| E3 | ঢাকনা খোলা | ঢাকনা ভালোভাবে লাগান। |
| E4 | ওয়াটার সেন্সর অস্বাভাবিক | সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন। |
| E6 | চাইল্ড লক ফাংশন সেট করার পর লিডটি খুলুন | লিডটি ভালোভাবে বন্ধ করুন। |

- Fuzzy Logic: কাপড়ের সাইজ, ময়লার পরিমাণ, কাপড়ের ওজন ইত্যাদি শনাক্ত করে মেশিনটি নিজে থেকেই প্রোগ্রাম, প্রসেস, পানির লেভেল, রিনজ সাইকেল ইত্যাদি সিলেক্ট করে।
- Memory Backup: ওয়াশিং চলাকালীন যদি বিদ্যুৎ বিভ্রাট হয় তাহলে মেশিনটি সর্বশেষ ওয়াশ সাইকেল স্ট্যাটাসটি মেমরিতে রেখে দেয়। পুনরায় বিদ্যুৎ সংযোগ চালু হওয়ার সঙ্গে সঙ্গে মেশিনটি ওয়াশ সাইকেলের সর্বশেষ অবস্থান থেকে ওয়াশিং শুরু করে।
- এলইডি ডিসপ্লে: ইন্টেলিজেন্ট সেন্ট্রাল ডিজিটাল ডায়নামিক এলইডি ডিসপ্লে পরিষ্কারভাবে অপারেশন স্ট্যাটাস প্রদর্শন করে।
- Delay Start: ২ থেকে ২৪ ঘণ্টা পর্যন্ত পৃথক পৃথকভাবে Delay Start টাইম সিলেক্ট করুন। কাঙ্ক্ষিত সময়ের পরে মেশিনটি নির্ধারিত প্রোগ্রামে কাজ করা শুরু করবে।
  ক্রিস্টাল ড্রাম: এই বিশেষ ধরনের ড্রাম কাপড় ধোয়ার গুনগতমানকে বৃদ্ধি করে।
- Air Dry: Program বাটন প্রেস করে Air Dry সিলেক্ট করুন। যখন বাতি জ্বলে উঠবে, Air Dry বাটনে প্রেস করে সময় অ্যাডজাস্ট করে নিন।
- IMD: IMD বলতে বোঝায় "In-mould decoration"। এই প্রযুক্তির কল্যাণে ডিসপ্লে প্যানেলটি সবসময় উজ্জ্বল থাকে।
- চাইল্ড লক: চাইল্ড লক ফাংশন অ্যাক্টিভেট করতে WATER LEVEL এবং WATER SUPPLY বাটন দুটি একসাথে প্রেস করুন।
- Bubble Wash: এই ফাংশনের মাধ্যমে ডিটারজেন্টে অধিক ফেনা উৎপন্ন করা হয় যা কাপড়কে ভালোভাবে ভিজতে সাহায্য করে।

## স্পেসিফিকেশন

| | |
|---|---|
| মডেল | WWM-TQM150J |
| পাওয়ার | ২২০-২৪০ ভো./৫০ হার্জ |
| ওয়াশ/ স্পিন ধারণক্ষমতা | ১৫ কেজি |
| ইনপুট পাওয়ার (ওয়াট) | ৫০০ ওয়াট |
| ইনলেট ওয়াটার প্রেসার | ০.০৩ মেগা প্যাসকেল ~ ০.৮৫ মেগা প্যাসকেল |
| ওয়াটারপ্রুফ লেভেল | IPx4 |
| ডাইমেনশন (মি.মি.) | ৬৮৫X৭০০X১০৬০ মি.মি. |
| নিট ওয়েট/ গ্রস ওয়েট | ৫৪ কেজি/৬২ কেজি |
| নয়েজ | ওয়াশ নয়েজ: <৬০ ডেসিবেল<br>স্পিন নয়েজ: <৭০ ডেসিবেল |

## সেফটি অ্যালার্ম

- পাওয়ার কর্ড সংযোগ দেওয়ার আগে নিশ্চিত হয়ে নিন, আপনার বৈদ্যুতিক সংযোগে সঠিকভাবে আর্থিং করা আছে কি না।
- ওয়াশিং মেশিনটি অবশ্যই আর্থ করা থাকতে হবে।
- আলাদা তার ব্যবহার করবেন না। বিশেষ মানসম্পন্ন সকেট ব্যবহার করুন।

## ওয়াশিং মেশিন ব্যবহারের গুরুত্বপূর্ণ নির্দেশনাবলি

- কিছুদিন পরপর ওয়াশিং মেশিনের লিন্ট ফিল্টার পরিষ্কার করতে হবে।
- কিছুদিন পরপর ওয়াশিং মেশিনের ড্রাম পরিষ্কার করতে হবে।
- জিন্স প্যান্ট, জ্যাকেট ওয়াশের ক্ষেত্রে ধাতব বোতাম আটকিয়ে অথবা কাপড় উল্টিয়ে ওয়াশ করতে হবে যেন ধাতব বোতাম ওয়াশিং মেশিনের ড্রামের সংস্পর্শে কম আসে।
- জিন্স প্যান্ট, জ্যাকেট, কম্বল অথবা ভারী এবং মোটা কাপড়ের সাথে পাতলা কাপড় যেমন পাঞ্জাবি, গামছা, ওড়না ইত্যাদি ওয়াশ না করাই ভালো। এতে ভারী কাপড়ের ধাক্কায় পাতলা কাপড় ছিঁড়ে যেতে পারে।
- যে সকল কাপড় থেকে অতিরিক্ত রং উঠে সেই সকল কাপড় আলাদা ওয়াশ করাই উত্তম। নতুবা এক কাপড়ের রং অন্য কাপড়ে লাগতে পারে।
- কাপড় ওয়াশের পূর্বে কাপড়ের পকেটে কিছু আছে কি না তা ভালোভাবে দেখে নিতে হবে। যেমন টিস্যু, কাগজ, টাকা, কয়েন ইত্যাদি।
- কাপড়ের পরিমাণ অনুযায়ী মেশিনের ওয়াটার লেভেল সেট করুন এবং ডিটারজেন্ট বাক্সে পরিমাণমতো ডিটারজেন্ট দিন।
- ওয়াশিং মেশিন ব্যবহারে যেকোনো সমস্যায় নিকটস্থ সার্ভিস পয়েন্টে অথবা আমাদের কাস্টমার সার্ভিসে যোগাযোগ করুন।

## ওয়ারেন্টির শর্তসমূহ

- ওয়ারেন্টি কার্ড ও প্রোডাক্টের সিরিয়াল নম্বর ভিন্ন হলে, প্রোডাক্টের সিরিয়াল নম্বর ইচ্ছাকৃতভাবে নষ্ট করে ফেললে/বিকৃত করা হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- গ্রাহকের পণ্যটি কোনো রকম ট্যাপ খাওয়া, স্ক্র্যাচ, এসি কর্ড/সকেট পুড়ে গেলে রিপ্লেসমেন্ট দেওয়া হবে না। সেক্ষেত্রে সার্ভিসের নীতিমালা অনুযায়ী সার্ভিস দেওয়া হবে।
- প্রাকৃতিক দুর্যোগ (বন্যা, ভূমিকম্প, বজ্রপাত ইত্যাদি), ইলেকট্রিক ত্রুটি, অননুমোদিত ব্যক্তি দ্বারা মেরামত করা হলে, অবহেলা/দুর্ঘটনাবশত বাহ্যিক ক্ষতি সাধিত হলে এবং লিকুইড ড্যামেজ হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- এই ওয়ারেন্টি কার্ডটি শুধুমাত্র উৎপাদনগত ত্রুটি এবং যদি এটি ওয়াশিং মেশিনের ব্যবহারবিধি অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা হয় তবেই প্রযোজ্য। পণ্য ক্রয়ের তারিখ হতে ওয়ারেন্টি কার্যকর করা হবে।
- এই ওয়াশিং মেশিনটি গৃহস্থালি কাজের জন্য। বাণিজ্যিক ব্যবহারে (বার্ষিক ২২০ সাইকেলের বেশি) সব ধরনের ওয়ারেন্টি বাতিল হবে। ওয়াশিং মেশিনটি গৃহস্থালি ব্যতীত অন্য কোথাও (পাবলিক টয়লেট, লজিং হাউজ, ডরমিটরি, লন্ড্রি শপ, হাসপাতাল ইত্যাদি) ইনস্টল করা হলে এর রিপেয়ার কাজ বা ত্রুটিপূর্ণ যন্ত্রাংশ পরিবর্তনের জন্য প্রয়োজনীয় পরিবহণ খরচ ক্রেতা নিজে বহন করবেন।
- সৌন্দর্যবর্ধক প্লাস্টিক/ কাচের তৈরি/পাইপিং/ কনজিউমএবল এমন যন্ত্রাংশ বা উপকরণ ওয়ারেন্টির আওতামুক্ত।
- কিছু প্রোডাক্টের ক্ষেত্রে নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কারকরণ জরুরি। ওয়ারেন্টির আওতাভুক্ত না হলে কিছু রক্ষণাবেক্ষণ ( ইউজার ম্যানুয়াল অনুসারে ) সংক্রান্ত কাজ মূল্য পরিশোধ সাপেক্ষ।
- ইঁদুর, পিঁপড়া, তেলাপোকা অথবা অন্যান্য প্রাণী বা কীটপতঙ্গের দ্বারা সৃষ্ট ক্ষতির ক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য নয়।
- গৃহস্থালির ওয়্যারিং জনিত ঘটনা ইঁদুর দ্বারা ওয়্যারিং হারনেস কেটে ফেলা, মেশিনে কয়েন বা বাইরের কোনো কিছুর উপস্থিতি, ময়লা-আবর্জনা দ্বারা আটকে যাওয়া এ জাতীয় সমস্যা থেকে সৃষ্ট ক্ষতির ক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য নয়।

# ওয়ালটন

ওয়ারেন্টি কার্ড

| ওয়ারেন্টি কাঠামো | | |
|---|---|---|
| মেইন পার্টস (মোটরস) | স্পেয়ার পার্টস | বিক্রয় পরবর্তী সেবা |
| ৫ বছর | ১ বছর | ২ বছর (১ বছর ফ্রি হোম সার্ভিস) |

গ্রাহকের নাম :...............................................................................................

ঠিকানা :...............................................................................................

টেলিফোন/মোবাইল নম্বর :........................................................ ই-মেইল:...................................

বিক্রয়ের তারিখ

| দিন | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

বারকোড নম্বর

পরিবেশক/বিক্রেতা :

..............................
ক্রেতার স্বাক্ষর

..............................
পরিবেশক/বিক্রেতার সিল এবং স্বাক্ষর

রিপ্লেসমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য

রিপ্লেসমেন্টের তারিখ

দ্রষ্টব্য: অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে। এই ওয়ারেন্টি দুর্ঘটনা, বৈদ্যুতিক ত্রুটি, প্রাকৃতিক দুর্যোগ বা অবহেলার কারণে কোনো ক্ষতির জন্য প্রযোজ্য হবে না এবং কর্তৃপক্ষ কোনো নোটিশ ছাড়াই ওয়ারেন্টির মেয়াদ পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা বাতিল করার ক্ষমতা রাখেন । এই ওয়াশিং মেশিনটি গৃহস্থালি কাজের জন্য। বাণিজ্যিক ব্যবহারে (বার্ষিক ২২০ সাইকেলের বেশি) সব ধরনের ওয়ারেন্টি বাতিল হবে।

- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

অফিস কপি

গ্রাহকের নাম :...............................................................................................

ঠিকানা :...............................................................................................

টেলিফোন/মোবাইল নম্বর :........................................................ বিক্রয়ের তারিখ:...................................

রিপ্লেসমেন্টের তারিখ :........................................................ রিপ্লেসমেন্টকৃত প্রোডাক্ট বারকোড নম্বর

# নোট

**ISO 9001: 2015, ISO 14001: 2015 &**
**ISO 45001: 2018 Certified Company**

সকলের জন্য উন্নত বিক্রয়োত্তর গ্রাহকসেবা নিশ্চিত করার লক্ষ্যে
ঠিকানা ও অন্যান্য তথ্য পরিবর্তন হতে পারে।

---


**কাস্টমার সার্ভিস ম্যানেজমেন্ট (কর্পোরেট অফিস)**
প্লট-১০৮৮, ব্লক-আই, সাবরিনা সোবহান ৫ম এভিনিউ, বসুন্ধরা, ভাটারা, ঢাকা-১২২৯

যেকোনো সার্ভিস/তথ্যের জন্য যোগাযোগ করুন: হেল্পলাইন-১৬২৬৭, ০৯৬১২৩১৬২৬৭ (চার্জ প্রযোজ্য)
০৮০০০০১৬২৬৭ (টোল ফ্রি), সকাল ৭টা থেকে রাত ১১টা পর্যন্ত, ই-মেইল: support@waltonbd.com